গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
নওগাঁ
(সাধারণ শাখা-১১১)
www.naogaon.gov.bd

নওগাঁ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জানুয়ারি/২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মিজানুর রহমান, জেলা প্রশাসক, নওগাঁ।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ : ২০ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ (রবিবার)।
সময় : ১০.০০ টা।
উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।
অনুপস্থিতি : পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং নতুন বছরের শুভেচ্ছা জানান। গত ৩০ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ১১তম জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করায় সকলকে ধন্যবাদ জানান। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, নওগাঁ জেলায় নতুন যোগদান করে সভায় উপস্থিত হওয়ায় তাঁকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে গত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং প্রস্তুতকৃত কার্যপত্র পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। অত:পর সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী চূড়ান্ত করতে মত প্রকাশ করেন।	কোন সংশোধনী না থাকায় গত ১৮/১২/২০১৮ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	–

২। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় জানানো হয় গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন অনেক দপ্তরের নিকট থেকে পাওয়া যায়নি। আগামী সভা থেকে সকল বিভাগকে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও সভার কার্যপত্র নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জেলা উন্নয়ন সমন্বয় সভা প্রতি মাসের ৩য় রবিবারে অনুষ্ঠিত হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র (উপস্থাপনযোগ্য বিষয়) নির্ধারিত 'ছক' মোতাবেক আগাম (প্রতি মাসের ০১ তারিখের মধ্যে) প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সদস্যবৃন্দ।

৩। পুলিশ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
পুলিশ সুপার, নওগাঁ এর প্রতিনিধি জানান, সরকারি যে কোন উন্নয়নমূলক কাজে পুলিশ বিভাগ সর্বদা সকল বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করে থাকেন। আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নির্বাচনে পুলিশ বিভাগকে সহায়তাকারী সকল বিভাগকে ধন্যবাদ জানান। জেলায় নির্বাচন পরবর্তী আইন-শৃংখলার কোন অবনতি ঘটে নাই। জেলায় মাদক ও জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রয়েছে। জঙ্গি অনুসন্ধানে পুলিশ বিভাগের নিকট তথ্য দিয়ে সহায়তা করার জন্য সকলকে অনুরোধ জানান। মান্দা ও নওগাঁ সদর পুলিশের সার্কেল অফিস নির্মাণ শেষ হয়েছে। তিনি জানান, নওগাঁ ডিগ্রী কলেজ হতে বাইপাস পর্যন্ত রাস্তার পূর্ব পার্শ্বে নদীর মধ্যে অনেকে ধান রোপণ করছেন। কোন কোন স্থানে অবৈধ স্থাপনা নির্মাণ করা হচ্ছে। এ রাস্তায়/নদীর তীরে বিকেলে অনেক ছেলে/মেয়েসহ বিভিন্ন বয়সের মানুষ সময় কাটায়। এ রাস্তার মাঝে পৌরসভার একটি গার্বেজ পয়েন্ট রয়েছে। গার্বেজ পয়েন্টটি জনস্বার্থে শহরের কোন দূরবর্তী স্থানে স্থানান্তর করা প্রয়োজন।	(১)নির্বাচন পরবর্তী সময়ে জেলার আইন-শৃংখলা রক্ষার নিমিত্তে যেকোন পরিস্থিতি মোবাবিলার জন্য পুলিশ বিভাগকে সর্বদা প্রস্তুত থাকতে হবে। (২)জেলায় মাদক ও জঙ্গি দমন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	(১)পুলিশ সুপার, নওগাঁ। (২) জেলা উন্নয়ন সমন্বয় সভার সদস্যবৃন্দ।

৪। জেলা পরিষদ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সচিব, জেলা পরিষদ, নওগাঁ জানান, জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি'র ৫৯০ লক্ষ টাকার ৩০৬টি প্রকল্প। তন্মধ্যে ১৪১টি টেন্ডার প্রকল্পের মধ্যে ৮৩টির কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং ৫৮টির টেন্ডার আহবানের কার্যক্রম চলছে। রাজস্ব তহবিলের ১০৪.৫০ লক্ষ টাকার ১০টি প্রকল্প। তন্মধ্যে ৬টি টেন্ডার প্রকল্পের মধ্যে ৫টির কার্যাদেশ প্রদান করা হয়েছে। ১টি চলমান প্রকল্প বাস্তবায়নাধীন আছে। ৪টি পিআইসি প্রকল্প চলমান আছে।	জেলা পরিষদের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে এডিপি এবং রাজস্ব তহবিলের ঠিকাদার দ্রুত নির্বাচন করে কার্যাদেশ প্রদান করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ

৫। গণপূর্ত বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ জানান, গণপূর্ত বিভাগের অধীনে মোট ৩৫টি নির্মাণাধীন উন্নয়নমূলক প্রকল্পের কাজ চলমান আছে। নওগাঁ সদর হাসপাতালের পুরাতন ভবনসমূহের সংস্কার/মেরামত কাজ শুরু করা হয়েছে। জেলা কারাগারের সংস্কার কাজের বরাদ্দ পাওয়া যায়নি। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ জানান, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়টি অনেক দিনের পুরাতন ও জরাজীর্ণ ভবন। গত ১৯/১/২০১৯ তারিখে মাননীয় খাদ্যমন্ত্রী জেলা খাদ্য অফিস পরিদর্শনে গিয়ে অফিস ভবন দেখে অসন্তোষ প্রকাশ করেন। জেলা খাদ্য অফিস বিল্ডিং জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক কনডেম ঘোষণা করে নতুন বিল্ডিং নির্মাণের প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ জনান, ইতোমধ্যে বিল্ডিং সার্ভে করা হয়েছে। বাঁকী কাজ শীঘ্রই করা হবে।	(১)বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নওগাঁ জেলা কারাগারের সংস্কারের কাজ শুরু করতে হবে। (২)জেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস ভবন অনেক দিনের পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় কনডেম ঘোষণা করে নতুন বিল্ডিং নির্মাণের প্রস্তাব প্রেরণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নওগাঁ।

৬। স্বাস্থ্য বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সিভিল সার্জন, নওগাঁ জানান, সদর হাসপাতাল ব্যতীত জেলায় মোট মন্জুরীকৃত চিকিৎসকের পদ ২৭৯টি। বর্তমানে কর্মরত আছে ৭৩জন। শূন্য আছে ২০৬টি। ব্যাপক সংখ্যক চিকিৎসক পদ শূন্য থাকায় চিকিৎসা সেবা প্রদানে সমস্যা হচ্ছে। জেলায় ৩য় ও ৪র্থ শ্রেণীর ব্যাপক পদ শূন্য আছে। ২০১২ সালে ৩য় ও ৪র্থ শ্রেণীর ১১৯টি পদে জনবল নিয়েগের নিমিত্তে লিখিত ও মৌখিক পরীক্ষা সমাপ্ত হয়েছে। উচ্চ আদালতে মামলা থাকায় নিয়োগ এখন সম্পন্ন হয়নি ফলে চিকিৎসা সেবা প্রদানসহ অফিস কার্যাদি পরিচালনায় ব্যাপক অসুবিধা হচ্ছে।	(১)উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হতে নির্দেশ পাওয়া মাত্রেই ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল জনবল নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। (২)নতুনভাবে চিকিৎসক পদায়ন না হওয়া পর্যন্ত চিকিৎসক সমন্বয়ের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	সিভিল সার্জন, নওগাঁ।

৭। ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ জানান, গত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ময়না তদন্ত ঘরের পূর্ব পার্শ্বে ফাঁকা জায়গাসহ বর্তমান ময়না তদন্তের জন্য পুরাতন জরাজীর্ণ কক্ষ অপসারণ পূর্বক উক্ত জায়গা সমন্বয়ে ময়না তদন্ত জোন নির্মাণের উপযোগী বলে এতদ সংক্রান্ত গঠিত কমিটি সুপারিশ করেছেন। নার্সেস ডরমেটরী, ডাক্তার কোয়ার্টসহ হাসপাতালের উত্তর পশ্চিম কর্ণারে গণশৌচাগার নির্মাণ প্রয়োজন। ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের মেইন গেট সংলগ্ন নবনির্মিত প্রাচীর ঘেসে সম্প্রতি স্থানীয় লোকজন কিছু অস্থায়ী দোকানপাট নির্মাণ করেছেন। এতে রোগী পরিবহনে ও রাস্তায় যানবাহন চলাচলে সমস্যার সৃষ্টি হচ্ছে এবং হাসপাতালের সৌন্দর্য বিনষ্ট হচ্ছে। অস্থায়ী দোকানপাটগুলো উচ্ছেদ করার বিষয়ে সিভিল সার্জন ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ একমত পোষণ করেন। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ জানান, হাসপাতালের উত্তর পশ্চিম পার্শ্বে একটি গণশৌচাগার আছে। হাসপাতালের নব নির্মিত ভবনের প্রত্যেক তলায় অনেক টয়লেট স্থাপন করা হয়েছে। হাসপাতালের ময়না তদন্ত জোন নির্মাণের জন্য ২৬ লক্ষ টাকার এষ্টিমেট করে পাঠানো হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ময়না তদন্ত জোন নির্মাণ করা হবে।	নওগাঁ জেনারেল হাসপাতালের মেইন গেট সংলগ্ন এবং নবনির্মিত প্রাচীর ঘেসে সম্প্রতি স্থানীয় লোকজন কর্তৃক নির্মাণাধীন অস্থায়ী দোকানপাট উচ্ছেদের জন্য সময় নির্ধারণ করে নোটিশ প্রদান করতে হবে এবং একজন ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ বরাবর পত্র প্রেরণ করতে হবে।	তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, নওগাঁ।

৮। নওগাঁ মেডিকেল কলেজঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ সভায় উপস্থিত নেই। সভায় আলোচনা কালে জানা যায়, পুরাতন হাসপাতাল ভবনের ২য় তলায় স্থানীয় ব্যবস্থাপনায় জেনারেল হাসপাতাল কর্তৃপক্ষের সহায়তায় মেডিকেল কলেজের ক্লাস শুরু হয়েছে। নওগাঁ মেডিকেল কলেজ শীর্ষক প্রকল্পের আওতায় নওগাঁ সদর উপজেলায় চকবিরাম, নলগাড়া, বরুনকান্দি ও চকপাথুরিয়া মৌজায় নির্বাচিত ৫০ একর জমি অধিগ্রহণের জন্য ১৩৫ কোটি ৪৩ লক্ষ ৪৫ হাজার ৬৪১ টাকার প্রাক্কলন প্রস্তুত করে পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর জেলা ভূমি দখল অফিসার, নওগাঁ এর ৩১/১২/১৮ তারিখের ৩১.৪৩.৬৪০০.১০৭.০৪.০৬০.১৮-৬২৭ নং স্মারকে প্রেরণ করা হয়েছে।	নওগাঁ মেডিকেল কলেজের ২০১৯ শিক্ষা বর্ষে ছাত্র/ছাত্রীদের ক্লাস সুষ্ঠুভাবে গ্রহণের সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে।	অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ।

৯। সড়ক ও জনপথ বিভাগ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ জানান, পাহাড়পুর সড়কের গাছ কাটা কাজ শুরু হয়নি। ফলে রাস্তার কাজ শুরু করা সম্ভব হচ্ছে না। সান্তাহার- নওহাটা পর্যন্ত রাস্তায় অবৈধ স্থাপনা উচ্ছেদ করার জন্য একজন ম্যাজিস্ট্রেট নিয়োগ করা প্রয়োজন। সওজ ক্যাম্পাসের মধ্যে একটি আধুনিক রেস্টহাউস নির্মাণ করার অর্থ বরাদ্দ পাওয়া গেছে। শীঘ্রই কাজ শুরু হবে। আগামী বর্ষা মৌসুম শুরুর পূর্বে অর্থাৎ মে/২০১৯ মাসের মধ্যে রাস্তার উন্নয়ন কাজ	(১)সড়ক ও জনপথ বিভাগের আওতায় পাহাড়পুর রাস্তার উন্নয়ন কাজ শুরু করার লক্ষ্যে দ্রুত গাছ কর্তন সম্পন্ন করতে হবে। (২)সান্তাহার-নওহাটা পর্যন্ত রাস্তায় অবৈধ স্থাপনা উচ্ছেদ করার জন্য সময় নির্ধারণ করে নোটিশ প্রদান করতে হবে এবং একজন ম্যাজিস্ট্রেট নিয়োগ প্রদানের জন্য	(১)নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ। (২)নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নওগাঁ। (৩)বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।